

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.১৮-৬৫৫০/৪ -

তারিখ : ২৭/০৫/১৪২৬ বঙ্গাব্দ
১১/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকা কমার্স কলেজে টিউটোরিয়াল কোচিং প্রোগ্রামের নামে প্রতিবছর ১২ কোটি টাকার দুর্নীতির অভিযোগ তদন্তকরণ।

সূত্র : দুর্নীতি দমন কমিশনের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১৬৫.১৯-১৮০৭৩ তারিখ : ৫/৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব গোলাম কিবরিয়া, ২-এ, ৪/১৫ মিরপুর, ঢাকা-১২১৬ কর্তৃক ঢাকা কমার্স কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক মাউশিকে নির্দেশনা প্রদান করেন।

অভিযোগ : ঢাকা কমার্স কলেজে টিউটোরিয়াল কোচিং প্রোগ্রাম এর নামে প্রতিবছর ১২ কোটি টাকার দুর্নীতি।

অভিযোগটি তদন্ত করার নিম্নোক্ত কর্মকর্তাদের মনোনীত করা হলো

(১) অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা;

(২) বিভাগীয় প্রধান, পদার্থবিজ্ঞান বিভাগ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা;

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক পত্রের সাথে সংযুক্ত অভিযোগগুলো তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ ২(দুই) প্রস্থ তদন্ত প্রতিবেদন ১০(দশ) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০/৯/১৯

(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

১. অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা;

২. বিভাগীয় প্রধান, পদার্থবিজ্ঞান বিভাগ,

সরকারি বাঙলা কলেজ, ঢাকা;

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক(অর্থ ও হিসাব) ও অতি: দায়িত্ব(দৈ.ওসা.অ.সেল), দুর্নীতি দমন কমিশন প্রধান কার্যালয়, ঢাকা;

০২। সভাপতি, গভর্নিং বডি, ঢাকা কমার্স কলেজ, পল্লবী, ঢাকা;

০৩। অধ্যক্ষ, ঢাকা কমার্স কলেজ, পল্লবী, ঢাকা

(তদন্ত কর্মকর্তাগণকে তদন্তের কাজে সহযোগিতার অনুরোধসহ)

০৪। সংরক্ষণ নথি।